**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১




হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG


"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"



- স্বামী বিবেকানন্দ


ইন্টারনেট সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 8 JULY 2025 , TUESDAY । ৮ জুলাই ২০২৫ , মঙ্গলবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-326 PAGE । পৃষ্ঠা-4


## এসএসসি নিয়োগ প্রক্রিয়ায় বড় নির্দেশ হাই কোর্টের



এই যুগ , কলকাতা ,৭ জুলাই : এসএসসি নিয়োগ প্রক্রিয়া নিয়ে বড় ঘোষণা কলকাতা হাইকোর্টের। সুপ্রিম কোর্টের রায় মেনে এসএসসি নিয়োগ প্রক্রিয়া থেকে পুরোপুরি বাদ দিতে হবে 'চিহ্নিত অযোগ্য'দের। অযোগ্য প্রার্থীরা আবেদন করলে তা অবিলম্বে বাতিল করতে হবে। ফের নতুন করে নিয়োগ বিজ্ঞপ্তি জারিরও নির্দেশ দিয়েছে কলকাতা হাই কোর্ট। এদিন বিচারপতি সৌগত ভট্টাচার্য জানিয়েছেন , সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে নিয়োগ প্রক্রিয়া করতে হবে ।সোমবার 'চিহ্নিত অযোগ্য'দের নিয়ে নিজের অবস্থান স্পষ্ট করে রাজ্য এবং স্কুল সার্ভিস কমিশন। আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় এদিন জানান , সুপ্রিম কোর্ট কোথাও বলে নি নির্দিষ্টভাবে 'চিহ্নিত অযোগ্য'রা নতুন নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে পারবে না। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী নির্দিষ্টভাবে 'চিহ্নিত অযোগ্য'রা বয়সজনিত ছাড় পাবেন না। যদি নির্দিষ্টভাবে 'চিহ্নিত অযোগ্য'রা নতুন নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে না পারেন, তাহলে ২০১৬ সালের নিয়োগ প্রক্রিয়ায় অংশ নেওয়া 'অসফল' চাকরিপ্রার্থীরাও অংশ নিতে পারবেন না।এদিন বিচারপতি সৌগত ভট্টাচার্য জানান , "কমিশনের কাছ থেকে এই ব্যাখ্যা প্রত্যাশিত নয়।" স্কুল সার্ভিস কমিশনের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় বলেন , "সুপ্রিম কোর্ট অযোগ্য বলে চিহ্নিত না হওয়া ব্যক্তিদের ৩১ ডিসেম্বর পর্যন্ত চাকরি করার সুযোগ দিয়েছে মানে এটা নয় যে নির্দিষ্টভাবে 'চিহ্নিত অযোগ্য'দের গোটা প্রক্রিয়া থেকে বের করে দিয়েছে।"এদিন বিচারপতি প্রশ্ন করেন , "এত বড় দুর্নীতির অভিযোগ। টাকা ফেরত দেওয়ার কথা বলেছে সুপ্রিম কোর্ট। তারপরেও এটা বলবেন?"

## দশ নম্বর জাতীয় সড়কে ধসের কবলে যাত্রীবাহী ছোটো গাড়ি



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৭ জুলাই : শিলিগুড়ি থেকে সিকিম ও কালিম্পং গামী দশ নম্বর জাতীয় সড়কে সোমবার সকালে ধসের কবলে পড়ে একটি ছোট যাত্রীবাহী চার চাকার গাড়ী। জানা গেছে শিলিগুড়ি থেকে কালিম্পং যাবার পথে সেবক রোডে বাঘপুলে সেবক পুলিশ আউটপোস্টের কাছে আচমকাই একটা বড়ো পাথর উপর থেকে ধসে গাড়িটির বনেটের উপর পড়ে যায়। ঘটনায় গাড়িটি ক্ষতিগ্রস্ত হলেও যাত্রীরা এবং চালক দ্রুত গাড়ি থেকে নেমে যাওয়ায় তাদের কোনো ক্ষতি হয়নি। খবর পেয়ে সেবক আউটপোস্টের পুলিশ ঘটনাস্থলে পৌঁছে গাড়িটি সরিয়ে নেবার কাজ শুরু করেছে। আরো জানা গেছে এদিন সকাল থেকেই এই সড়কের উপর পাহাড় থেকে অনবরত পাথর ধসে পড়ছে। একারনে সোমবার সকাল থেকে এই সড়কে যান চলাচল বন্ধ করে দেওয়া হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে বর্ষার মরশুমে এই সড়কে ধস নামা স্বাভাবিক , চালকদের এই সড়কে সাবধানে গাড়ি চালানোর জন্য বার্তা দিয়েছে প্রশাসন।

## ৯ জুলাই এর বনধ রুখতে নয়া নির্দেশ রাজ্যের




এই যুগ , হাওড়া ,৭ জুলাই : আগামী ৯ তারিখ , বুধবার দেশজুড়ে বনধ ডেকেছে শ্রমিক সংগঠন ও শিল্প ফেডারেশন। বুধবার ছুটি নিলে অথবা হাফ ডে অফিস করলেই মিলবে শোকজ নোটিশ । সোমবার বিজ্ঞপ্তি জারি করে সে কথা জানিয়ে দিল নবান্ন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে , ৯ জুলাই সমস্ত সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত অফিস খোলা থাকবে। সকল কর্মচারীকে হাজিরাও দিতে হবে। ওই দিন কোনও ক্যাজুয়াল লিভ বা হাফ ছুটি নেওয়া যাবে না। বিনা অনুমতিতে কোনও কর্মী অনুপস্থিত থাকলে বেতনও কাটা হতে পারে। পাশাপাশি শোকজও করা হতে পারে।

## রেশনের চাল আটা পাচারের ছক ভেস্তে দিলো পুলিশ ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৭ জুলাই : জলপাইগুড়ি জেলা পুলিশের বেলাকোবা পুলিশ ফাঁড়ির পুলিশ রবিবার গভীর রাতে বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে একটি পিক আপ ভ্যান আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে পিক আপ ভ্যান থেকে উদ্ধার হয় চাল ও আটার বস্তা। পুলিশ চাল ও আটার বস্তার কাগজপত্র দেখতে চাইলে গাড়িতে থাকা দুই ব্যক্তি তা দেখাতে না পারায় তাদের আটক করে ফাঁড়িতে নিয়ে যাওয়া হয় ও গ্রেপ্তার করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে উদ্ধার করা চাল ও আটা রেশনের সামগ্রী। ধৃত ব্যক্তিরা জানিয়েছে তারা সেগুলি অন্যত্র নিয়ে যাচ্ছিলো পরে খোলা বাজারে বিক্রি করার উদ্দেশ্যে। ধৃতদের সোমবার আদালতে পেশ করা হয়। অভিযানে নেতৃত্ব দেন বেলাকোবা ফাঁড়ির ওসি অরিজিত কুন্ডু।তিনি জানান উদ্ধার করা চাল ও আটার পরিমান যথাক্রমে সতেরোশ সত্তর কেজি ও সাতশো পঁচাশি কেজি। ধৃতরা দীর্ঘদিন ধরে এই কারবারে জড়িত বলে স্বীকার করেছে। কোথা থেকে এই চাল ও আটা নিয়ে আসা হয়েছে এবং আরও কারা এই পাচারের সাথে জড়িত সেসব বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

## জেলার কথা

# নাবালিকাকে যৌন নির্যাতন ,গ্রেপ্তার বৃদ্ধ




মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার ,৭ জুলাই : ৯ বছরের নাবালিকাকে যৌন নির্যাতনের দায়ে গ্রেফতার করা হয়েছে এক বৃদ্ধকে। ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানা এলাকায়। শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে জানিয়েছেন নাবালিকার অভিভাবকের পক্ষ থেকে অভিযোগ জানানোর পরেই গ্রেফতার করা হয়েছে প্রায় ষাট বছর বয়স্ক ব্যক্তিকে। তার বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু করা হয়েছে। মঙ্গলবার থাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হবে।

# একুশে জুলাই ধর্মতলার সমাবেশের প্রচার নিয়েও গোষ্ঠী কোন্দল




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ জুলাই : একুশে জুলাই এর প্রচার নিয়েও তৃণমূলের গোষ্ঠী কোন্দল প্রকাশ্যে এলো আলিপুরদুয়ার জেলায়। যুব তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে সভা এবং মিছিলের আয়োজন করা হয়েছে শামুকতলা থানার পুটিমারী এলাকায়। অন্যদিকে মাদার তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে হলদিবাড়ি এলাকাতে পথসভার আয়োজন করা হয়েছে। কিন্তু মাদার তৃণমূল কংগ্রেসের বিভিন্ন নেতৃত্বরা হলদিবাড়ি ছেড়ে দুই কিলোমিটার দূর যুব তৃণমূল কংগ্রেসের সভা এবং মিছিলে চলে যান। পাঁচ শতাধিক তৃণমূল সমর্থক এবং নেতৃত্ব মিছিলে পা বাড়িয়েছেন অন্যদিকে হলদিবাড়িতে মাদার তৃণমূল কংগ্রেসের পথসভায় জনসংখ্যা ছিল খুবই কম। যদিও আলিপুরদুয়ার দুই ব্লকের তৃণমূলের ব্লক সভাপতি হলদিবাড়ি তেই ভাষণ দিয়েছেন। তবে তিনি গোষ্ঠী কোন দলের কথা অস্বীকার করেছেন। যুব তৃণমূল কংগ্রেসের জেলার বিভিন্ন নেতৃত্বরা পুটিমারিতে এসেছেন সভা এবং মিছিলে যোগ দিতে। একুশে জুলাই কলকাতার ধর্ম তলায় সমাবেশ করবেন মমতা ব্যানার্জি। আর সেই ধর্মতলার সমাবেশ কে নিয়ে প্রচার চলাকালীনও দেখা গেল গোষ্ঠী কোন্দল। তবে বিষয়টি নিয়ে অনেকেই অট্টহাসি করছেন।

## কাগজের নৌকা


**৮ জুলাই ২০২৫ , মঙ্গলবার**

# জীবন এক রহস্যময়

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

পৃথিবী খুব স্বার্থপর ,সবাই নিজেকে ভালো বোঝে ,
সম্পূর্ণ হয়ে যাওয়ার পর , অপরকে লাথি মারে ,
যে ভুক্তভোগী সেই তো বলে , যে ভোগে সেই তো জানে ,
না চাইলেও ব্যাথায় বড় জ্বালা ধরে ,
নীলাকাশে ওই শুভ্র মেঘ-পুঞ্জ ,
কুঞ্জপানে বাতাসে পাখা মেলে ওড়ে ,
ক্ষুদ্র ব্রীজোদানে বটবৃক্ষ রোপিত হয়ে ,
অবহেলা কে সাথে নিয়ে ও শাখা-প্রশাখা মেলে ,
মহাবৃক্ষের রুপ ধারণ করে ,
বারংবার প্রশ্ন ওঠে , ও কেমনে করে ?
যদি কিছু জানার থাকে এখনই ,
জানাও আস্তে আস্তে মাবিক হয়ে ,
আষ্টে-পৃষ্ঠে শাখা-প্রশাখা জড়িয়ে ,
বাঁচার উপায় থাকবে না কোনো ,
শত-বৃক্ষের আঁড়াল থেকে ,বোঝার উপায় নেই ,
শত রকম পাখির আনাগোনা হয়েই চলে ।
যদি কিছু মনে থাকে বল যে ,
সময় আছে এখনো ভাবতে থাকো ,
ভুবন-মোহিনী ভাবনা নিয়ে ব্যস্ত থাকো ,
কেনো যে এমন হলো ,বেপোরোয়া ভাবে উৎপত্তি সম্পন্ন ,
সব বুৎপত্তি যেন পথভ্রষ্ট হয়ে ,কোথায় যেন হারিয়ে গেল ।
যা আছে এই মুহূর্তে , বাস্তবিক চিন্তার সাথে থেকো ,
পরিকল্পিত সত্য দিয়ে মনে কোন দ্বিধা দিও না ,
হোক জোৎস্না সমতুল্য পরিষ্কার আলোর মতো।।

# মঙ্গলবার থেকে খুলে যাবে তুরতুরি চা বাগান



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,৭ জুলাই : বন্ধ চা বাগান গোলা নিয়ে ত্রিপাক্ষিক বৈঠক ফলপ্রসু হয়েছে জানা গেছে চা বাগানের ট্রেড ইউনিয়ন গুলির কাছ থেকে। আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের শামুকতলা থানার তুরতুরি চা বাগান গত মাসের ৭ তারিখ বন্ধ হয়ে গিয়েছিল সাসপেনশন অফ ওয়ার্ক নোটিশ ঝুলিয়ে দিয়ে। রাতের অন্ধকারে বাগান কর্তৃপক্ষ নোটিশ দিয়ে চলে যান আর এর ফলেই বিপাকে পড়েছিলেন ৫০১ জন শ্রমিক। ইতিমধ্যেই দুবার মিটিং হয়ে গেছে বাগানখোলা নিয়ে কিন্তু মিটিং এ কোন সিদ্ধান্ত নিতে পারেননি বাগানখোলা নিয়ে। ব্রহ দপ্তর সূত্রে জানা গেছে সোমবার ত্রিপাক্ষিক বৈঠকে সিদ্ধান্ত হয়েছে মঙ্গলবার বাগান খোলা হবে। তবে শ্রমিকদের বকেয়া পাওনা মেটানো হবে এমনটাও আশ্বাস দিয়েছেন বাগান কর্তৃপক্ষ।

# বৌদিকে পেতে দাদাকে মেরে ফেলার অভিযোগ ভাইয়ের বিরুদ্ধে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ জুলাই : এক বছর আগেও জেঠতুতো দাদাকে জলে ডুবিয়ে মারার চেষ্টা করছিল। কিন্তু পাড়া প্রতিবেশীদের তৎপরতায় বেঁচে গিয়েছিল আলিপুরদুয়ার ২ ব্লকের ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের বোরাগাড়ি এলাকার বাসিন্দা শ্রী রাম দাস। রবিবার গভীর রাতে তাকে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে তাকে খুন করা হয়েছে এমনটাই অভিযোগ করেছেন মৃত ব্যক্তির পরিবারের পক্ষ থেকে। রবিবার রাত আটটা নাগাদ মৃত শ্রী রামের কাকাতো ভাই শুকদেব দাদাকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায় চোরাই রড নিয়ে আসার জন্য। রাত বারোটা বাজলেও শ্রীরাম বাড়িতে ফিরে না আসায় তার বাবা শুকদেবের বাড়িতে বাড়িতে যান ছেলেকে খুঁজতে। কিন্তু তার বাড়িতে তাকে না পাওয়ার পর খোঁজাখুঁজি শুরু হয়। তার বাড়ি থেকে ৪০০ মিটার দূরেই তাকে একটি পাম্প সেটের পাশে পড়ে থাকতে দেখা যায়। তার গলায় পোড়া দাগ রয়েছে। সারা শরীর কাদা মাটিতে পরিপূর্ণ। ছেলেকে মৃত অবস্থায় দেখতে পেয়ে পুলিশকে খবর দেন পাড়া-প্রতিবেশীরা। রাত দুইটা নাগাদ পুলিশ গিয়ে মৃতদেহ নিয়ে আসে ভাটিবাড়ী পুলিশ ফাঁড়িতে। সোমবার সকাল থেকেই পুলিশ ফাঁড়িতে ভিড় জমে বোরাগাড়ি এলাকার বাসিন্দাদের। রাজনৈতিক রঙ ভুলে গিয়ে গ্রামবাসীরা চলে আসেন পুলিশ ফাঁড়িতে। দুর্ঘটনার কথা শোনার পরেই ফাড়িতে আসেন তৃণমূল নেতা রতন সেন। শ্রীরাম দাসের স্ত্রী সোনেকা দাস অভিযোগ করেন দীর্ঘদিন যাবত তাকে বিয়ে করার কথা বলছিলেন তার দেবর। এমনকি তার স্বামীকে মেরে ফেলার কথা বলেছিলেন তিনি। তার অভিযোগ তার দেবর তার স্বামীকে খুন করেছে। অন্যদিকে শ্রীরামের বাবা মাখন দাস বলেন তার ভাইপো শুকদেব এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত। এদিকে এলাকার বাসিন্দারা বলছেন প্রকৃত সত্য ঘটনা পুলিশ তদন্ত করে বের করুক। প্রয়োজনে সিআইডি তদন্ত করা হোক। মৃত শ্রী রামের একটি পুত্র সন্তান রয়েছে চার বছরের। তার বাবা-মা সহ তার স্ত্রী কান্নায় ভেঙে পড়েছেন পুলিশ ফাঁড়ির সামনেই। এদিকে শুকদেবের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে পুলিশের কাছে। পুলিশ অভিযোগ পাওয়ার পরেই শুকদেবকে গ্রেফতার করেছে। অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত শুরু হয়েছে পুলিশের জানিয়েছেন ভাটিবাড়ী পুলিশ ফাঁড়ির ওসি দীপায়ন সরকার। সোমবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ শ্রী রামের মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়না তদন্তের পর তার পরিবারের হাতে তুলে দেয় পুলিশ।

# বনদপ্তরের অভিযানে উদ্ধার চোরাই কাঠ



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার , ৭ জুলাই : দামসিবাদ এলাকা থেকে প্রায় পাঁচ সিএফটি চোরাই চোরাই শাল কাঠ উদ্ধার করে নিয়ে এসেছে সাউথ রায়ডাক রেঞ্জের শামুকতলার বনকর্মীরা সোমবার বিকেল তিনটে নাগাদ। বনকর্মীদের সূত্রে জানা গেছে গোপন খবরের ভিত্তিতে এদিন বেলা একটা নাগাদ অভিযান চালানো হয় দামসিবাদ এলাকায়। যদিও বনদপ্তরের কর্মীদের আঁচ পেয়েই এলাকা থেকে অনেক চোরাই কাঠ সরিয়ে ফেলে চোরাই কাঠ ব্যবসায়ীরা। বনদপ্তরের পক্ষে ছিপড়া বিটের বিট অফিসার সুজিত বর্মন জানিয়েছেন অভিযান লাগাতার ভাবে চলতেই থাকবে। উদ্ধার করা কাঠের বাজার মূল্য প্রায় ১৫ হাজার টাকা।

# চিকলিগুড়িতে দিনের বেলায় চুরি নিয়ে আতঙ্ক বাসিন্দাদের



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,৭ জুলাই : দিনের বেলায় চুরির ঘটনা ঘটেছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের চিকলিগুড়ি হাই স্কুল সংলগ্ন এলাকায়। চুরির তদন্ত করতে এলাকায় গিয়েছে ভাটিবাড়ী ফাঁড়ির পুলিশ এমনটাই জানা গেছে সোমবার রাত সাড়ে সাতটা নাগাদ। এলাকার নিরীহ বাসিন্দা গোপাল সরকার রাজমিস্ত্রির সঙ্গে কাজ করেন। তার স্ত্রী জমিতে দিন হাজিরার কাজ করেন। ঘরে দুই সন্তান রয়েছে। এর মধ্যে একজন এর বয়স ১১ বছর সে আবার থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত। সোমবার বেলা সাড়ে বারোটা নাগাদ গোপাল সরকারের স্ত্রী বাড়িতে আসেন দুপুরের খাওয়ার জন্য। তিনি আসার পর দেখতে পান তার ঘরের তালা ভাঙ্গা। এরপরেই ঘরে ঢুকে দেখতে পান ঘর থেকে টিভি নেই এবং নগদ সাড়ে সাত হাজার টাকা নিয়ে গেছে দুষ্কৃতীরা। যদিও ঘরে আরও অনেক টাকা ছিল কিন্তু সেই টাকার হদিশ পায়নি দুষ্কৃতীরা। ভরদুপুরে এমন ঘটনায় এলাকার বাসিন্দাদের মধ্যে আতঙ্ক তৈরি হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। এদিকে নিরীহ পরিবারের বাড়িতে চুরির ঘটনায় মানসিকভাবে ভেঙ্গে পড়েছেন পরিবারের কর্মকর্তা সহ তার স্ত্রী।

# কোহিনুর থেকে গ্রেপ্তার দাগী চোর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ জুলাই : চোরাই মালসহ এক ব্যক্তিকে গ্রেফতার করে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে শামুকতলা থানার পুলিশ সোমবার বেলা আড়াইটা নাগাদ।গত শুক্রবার শামুকতলা থানার কোহিনুর এলাকা থেকে এক ব্যক্তির বাড়ির জলের পাম্প চুরি হয়ে যায়। এরপরেই পুলিশের কাছে অভিযোগ দায়ের করা হয়। পুলিশ তদন্ত শুরু করে। সোমবার বেলা বারোটা নাগাদ চোরাই জলের পাম্প সহ গ্রেফতার করা হয় পান্নালাল ওরাও নামে এক ব্যক্তিকে। বেলা আড়াইটা নাগাদ তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা শুরু করেছে পুলিশ। এদিকে পুলিশ সূত্রে জানা গেছে পান্নালাল ওরাও এর আগেও গ্রেপ্তার হয়েছিলেন বিভিন্ন অপরাধ মূলক কাজ করে। এর আগেও তার বিরুদ্ধে চুরির অভিযোগ জমা পড়েছিল পুলিশের কাছে। পুলিশ তাকে গ্রেফতার ও করেছিল।

# সাত দফার দাবি নিয়ে জেলা শাসকের স্মারকলিপি প্রদান



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ৭ জুলাই: দা নিউ গ্রেটার কোচবিহার পিপলস অ্যাসোসিয়েশন পক্ষ থেকে বিভিন্ন দাবির ভিত্তিতে সোমবার আলিপুরদুয়ার জেলাশাসক কাছে স্মারকলিপি প্রদান করা হয়। মহাবীর চিলা রায়ের জন্মদিন কে সরকারি ছুটি ঘোষণা ,রাজবংশী মাধ্যমের বিদ্যালয় স্থাপন সহ একাধিক দাবির ভিত্তিতে এদিন সংগঠনের পক্ষ থেকে স্মারকলিপি প্রদান করা হয়। ইতিমধ্যেই তারা বিভিন্ন প্রশাসনিক কর্তার সঙ্গে দেখা করেছেন। সোমবার তারা অতিরিক্ত জেলাশাসকের সঙ্গে দেখা করেছেন এবং জেলা শাসকের সঙ্গেও দেখা করার জন্য অধীর আগ্রহে বসে ছিলেন।

# রাজ্যের পুলিশ প্রশাসনে বড়সড় রদবদল




এই যুগ , কলকাতা ,৭ জুলাই : পরের বছর ছাব্বিশের বিধানসভা নির্বাচন ,তার আগেই রাজ্য পুলিশ প্রশাসনে বড়সড় রদবদল। বদল এল ইনটালিজেন্স ব্যুরোর ডিজিপি পদে। এতদিন এই পদের দায়িত্ব সামলে আসা আধিকারিককে পাঠানো হল ট্রাফিকে। সোমবার নবান্নের তরফে রদবদলের বিজ্ঞপ্তি জারি করা হয়। এদিনের বিজ্ঞপ্তি অনুযায়ী , আইপিএসদের মধ্যে বদল করা হল। সিদ্ধনাথ গুপ্ত ছিলেন এসসিআরবি-র ডিজিপি। তাঁকে ইনটালিজেন্স ব্যুরোর ডিজি পদে পাঠানো হল। আবার আইবি-র ডিজি পদে থাকা জ্ঞানবন্ত সিংকে পাঠানো হল ট্রাফিকের এডিজি এবং আইজিপি পদে। এই পদে এতদিন ছিলেন ড. রাজেশ কুমার সিং। তাঁকে পাঠানো হল রাজ্য পুলিশের এডিজি এবং আইজিপি (নীতি নির্ধারণ) পদে। নবান্নের তরফে জানানো হয়েছে , রুটিন মাফিক এই রদবদল করা হয়েছে।

# বিয়ে বাড়ির রান্নার পাশেই হাতি ,পালিয়ে গেলেন অতিথিরা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ জুলাই : বিয়ে বাড়িতে হাতির হানার ঘটনা ঘটলো জলদাপাড়া জাতীয় উদ্যানের কাছে সুরিপাড়া গ্রামে রবিবার রাত এগারোটা নাগাদ। যদিও মুহূর্তের মধ্যেই শোরগোল পড়ে যায় বিয়ে বাড়িতে পালিয়ে যাবার। রীতিমতো বিয়ে বাড়িতে হাতির অনুপ্রবেশের ফলে আতঙ্ক ছড়িয়ে পড়ে বরযাত্রী থেকে শুরু করে সবার মধ্যে। জলদাপাড়া জাতীয় উদ্যানের কাছেই ভিসা মারার জঙ্গল থেকে মাত্র 400 মিটার দূরে বাড়ি প্রকাশ চন্দ্র রায়ের। দুটি হাতি বিয়ে বাড়িতে চলে আসে। রীতিমতো একটি হাতি রান্নাঘরের পাশে চলে যায়। আর এরপরেই শুরু হয় অতিথিদের পালিয়ে যাবার পালা। স্থানীয় বাসিন্দারাই হাতি দুটিকে জঙ্গলে তাড়ানোর জন্য টর্চ এবং পটকা ফাটাতে থাকে। তৎক্ষণাৎ ছুটে চলে আসেন বনদপ্তরের কর্মীরাও। তবুও এক ঘন্টা সময় লাগে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে। তবে কোন ক্ষয়ক্ষতি হয়নি , জানিয়েছেন বাড়ির মালিক প্রকাশ বাবু।

# উদ্ধার গুলি সহ আগ্নেয়াস্ত্র , গ্রেপ্তার এক




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ , মুর্শিদাবাদ , ৭ জুলাই : মুর্শিদাবাদ জেলা পুলিশের হরিহরপাড়া থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার রাতে থানা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র ও এক রাউন্ড গুলি সহ একটি ম্যাগাজিন। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয় ও সোমবার ধৃতকে আদালতে পেশ করা হয়। ধৃত ব্যক্তি কোথা থেকে কি উদ্দ্যেশ্যে অস্ত্রটি সংগ্রহ করেছে তার সাথে আরও কোনো ব্যক্তি জড়িত আছে কিনা সেসব বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।



EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।